

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার প্রাথমিক শিক্ষা অধিদপ্তর www.dpe.gov.bd সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬



স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৬০০.২৫.০০৫.২১.৮১

তারিখ: ১২ কার্তিক ১৪২৮

২৮ অক্টোবর ২০২১

বিষয: এসএসসি পাশ প্রশিক্ষণবিহীন শিক্ষকগণের ২০২২ শিক্ষাবর্ষে সি-ইন-এড প্রশিক্ষণ সম্পন্নকরণ সম্পর্কিত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, নব জাতীয়করণকৃত এসএসসি পাশ প্রশিক্ষণবিহীন শিক্ষকগণের যোগ্যতা অর্জনের জন্য সময় নির্ধারণ করা থাকলেও অনেক শিক্ষক নির্ধারিত সময়ের মধ্যে প্রশিক্ষণ গ্রহণ করেননি। এ বিষয়ে প্রশিক্ষণের জন্য বিভিন্ন সময়ে নির্দেশনা দেয়া হলেও সকল শিক্ষকের প্রশিক্ষণ সম্পন্ন হয়নি। ফলে এ সকল শিক্ষকের পিআরএল, পেনশন মঞ্জুরীর ক্ষেত্রে যোগ্যতাবিহীন শিক্ষক হিসেবে নানা রকম জটিলতা সৃষ্টি হচ্ছে।

- ২। মাঠ পর্যায় থেকে প্রাপ্ত তথ্যানুযায়ী সারাদেশে এসএসসি পাশ প্রশিক্ষণবিহীন শিক্ষক সংখ্যা মাত্র ৩৪৮ (তিনশত আটচল্লিশ) জন। প্রশিক্ষণবিহীন এ সকল শিক্ষকের প্রশিক্ষণ সম্পন্নের জন্য নির্ধারিত সংখ্যক পিটিআই এ ডিপিএড কোর্সের পাশাপাশি সি-ইন-এড কোর্স চালু রাখা হয়। ভবিষ্যতে পূর্ণাঞ্চা আর্থিক সুবিধাসহ পেনশন মঞ্জুরীর ক্ষেত্রে জটিলতা এড়ানোর জন্য ২০২২ শিক্ষাবর্ষে শেষবারের মত এসএসসি পাশ প্রশিক্ষণবিহীন শিক্ষকগণের জন্য নির্দিষ্ট সংখ্যক পিটিআই এ সি-ইন-এড প্রশিক্ষণ পরিচালিত হবে। এসএসসি পাশ শিক্ষকগণের জন্য এ প্রশিক্ষণ আবশ্যিক বিবেচনায় বয়সের কারণে প্রশিক্ষণ গ্রহণে কোন বাধা নেই।
- ৩। এমতাবস্থায়, তার জেলার সকল প্রশিক্ষণবিহীন এসএসসি পাশ শিক্ষককে সি-ইন-এড কোর্সে প্রেরণ নিশ্চিত করার লক্ষে আগামী ১.১১.২০২১ তারিখের মধ**্যে তাদের তালিকা অধিদপ্তরে পৌছানোর জন**্য অনুরোধ করা হলো।

DA.C.

২৮-১০-২০২১ আলমগীর মুহম্মদ মনসুরুল আলম মহাপরিচালক (গ্রেড-১)

ফোন: ৫৫০৭৪৭৭৭

ফ্যাক্স: ০২৯০৩৮১২২

ইমেইল: dgprimarybd@gmail.com

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৬০০.২৫.০০৫.২১.৮১/১(৪৫)

তারিখ: ১২ কার্তিক ১৪২৮ ২৮ অক্টোবর ২০২১

সদ্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)

- ১) মহাপরিচালক , জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ)
- ২) উপপরিচালক, ঢাকা/খুলনা/সিলেট/বরিশাল/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/চট্টগ্রাম
- ৩) সুপারিনটেনডেন্ট (সকল), প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ ইন্সটিটিউট (পিটিআই)

SPAC

২৮-১০-২০২১ আলমগীর মুহম্মদ মনসুরুল আলম মহাপরিচালক (গ্রেড-১)